

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০২৪

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - আবূ বাকর সিদ্দীক (রাঃ) -এর মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَاب مَنَاقِب أبي بكر)

আরবী

وَعَنْ مُحَمَّدِ بْنِ الْحَنَفِيَّةِ قَالَ: قُلْتُ لِأَبِي: أَيُّ النَّاسِ خَيْرٌ بَعْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ قَالَ: أَبُو بَكْرٍ. قُلْتُ: ثُمَّ مَنْ؟ قَالَ: عُمَرُ. وَخَشِيتُ أَنْ يَقُولَ: عُثْمَانُ. قُلْتُ: ثُمَّ أَنْتَ قَالَ: «مَا أَنَا إِلَّا رجلٌ مِن الْمُسلمين» . رَوَاهُ البُخَارِي

رواه البخارى (3671) ـ (صَحِيح)

বাংলা

৬০২৪-[৬] মুহাম্মাদ ইবনুল হানাফিয়্যাহ্ (রহিমাহুল্লাহ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আমার পিতাকে প্রশ্ন করলাম, নবী (সা.) -এর পর কোন্ লোকটি সবচেয়ে উত্তম? তিনি বললেন, আবূ বকর (রাঃ)। আমি আবার প্রশ্ন করলাম, তারপর কোন্ লোক? তিনি বললেন, 'উমার (রাঃ)। আমার আশক্ষা হলো এবার তিনি উসমান (রাঃ)-এর কথা বলবেন। তাই আমি বললাম, অতঃপর তো আপনিই (উত্তম)। তিনি বললেন, আমি তো অন্যান্য মুসলিমদের মধ্যে একজন সাধারণ লোক। (বুখারী)

ফুটনোট

সহীহ: বুখারী ৩৬৭১, আবূ দাউদ ৪৬২৯, আস সুনানুল কুবরা লিল বায়হাকী ৮০৫৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (مُحَمَّد بْن الْحَنَفِيَّةِ) মুহাম্মাদ ইবনুল হানাফী তিনি 'আলী (রাঃ)-এর ছেলে। তিনি ফাতিমাহ্ (রাঃ)-এর



ঔরসজাত নন তবে অন্য স্ত্রী বা দাসীর গর্ভে জন্মলাভ করেন।

(مَا أَنَا إِلَّا رَجِلٌ مِن الْمُسلمين ﴿ وَمَا أَنَا إِلَّا رَجِلٌ مِن الْمُسلمين ﴿ وَمَا أَنَا إِلَّا رَجِلٌ مِن الْمُسلمين ﴿ وَمَا أَنَا إِلَّا رَجِلٌ مِن الْمُسلمين ﴾ হাদীসটিতে রাসূল (সা.) -এর মৃত্যুর পর অথবা রাসূল্ল্লাহ (সা.) -এর পর উত্তম ব্যক্তি হিসেবে রাসূল (সা.) যেভাবে বিভিন্ন সময় ইঙ্গিত বা সরাসরি ঘোষণা দিয়েছেন অনুরূপভাবে সাহাবীরাও আবূ বাকর (রাঃ)-কে রসূলের পর সর্বোত্তম ব্যক্তি হিসেবে মান্য এবং গণ্য করতেন।

বর্ণিত হাদীসে সাহাবায়ে কিরামের বিনয়াবনতার চিত্র ফুটে উঠেছে। তারা একে অপরের প্রতি যথেষ্ট সম্মান এবং বিনয় প্রকাশ করতেন। অহংকার বা লোভ তাদের ভেতরে ছিল না। (মিরক্বাতুল মাফাতীহ; ফাতহুল বারী হা. ৩৬৭১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনুল হানাফিয়্যাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন